# দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরণী

## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবহাটা, সাতক্ষীরা।

Phone no : 0473272236. Email :debhata@.uhfpo.dghs.gov.bd

সভাপতি ঃ- জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ ঃ- ২৮/০৭/২০২১ খ্রিঃ, রোজ বুধবার।
সময় ঃ- সকাল ০৯:৩০ ঘটিকা।
অংশ গ্রহনকারী ঃ- সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পৃথক নথিতে লিপিবদ্ধ।

পবিত্র কুরআন থেকে তেলোয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে জুলাই/২০২১ মিটিং এ বিগত মাসে অনুষ্ঠিতব্য স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মিটিং এর রেজুলেশন পাঠ এবং সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

**আলোচ্য বিষয়সমূহ ঃ-**

১। পূর্ববতী সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।
২। কোভিড-১৯ মোকাবেলায় সকল চিকিৎসক, নার্স ও অন্যান্য সকলের স্বা-স্ব দায়িত্ব পালন।
৩। হাসপাতালের সাধারন রোগীদের ন্যায় কোভিড রোগীদের চিকিৎসা সেবা প্রদান ।
৪। সুরক্ষা এ্যাপ-এ ১৮উদ্ধো বয়সী সকল ছাত্র/ছাত্রীদের রেজিষ্ট্রেশন নিশ্চিক করন ও টিকা প্রদান ।
৫। বিবিধ।

**সভায় উপরোল্লিখিত বিষয় গুলোর উপর বিস্তারিত আলোচনা ও নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মহামারী করোনা মোকাবেলায় র‌্যাপিড এন্টিজেন টেস্ট ও স্যাম্পল কালেকশন | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের দৃষ্টি আকর্শন পূর্বক উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডাঃ মোঃ আব্দুল লতিফ- বলেন বর্তমান "র‌্যাপিড এন্টিজেন টেষ্ট" স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই পরিক্ষা করা হচ্ছে। জনগনের মধ্যে যথেষ্ট সাড়া ও পাওয়া যাচ্ছে। এই পরিক্ষার রেজাল্ট সাথে সাথে প্রদান করা হচ্ছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার-ডাঃ বিপ্লব মন্ডল, আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করছেন। র‌্যাপিড এন্টিজেন পরিক্ষার জন্য সরকারী নির্দেশনা মোতাবেক ১০০/- টাকা ফি গ্রহন ও ট্রেজারীর মধ্যমে সরকারী কোষাগারে প্রদান করতে হয়। কোভিড-১৯ স্যাম্পল গ্রহনের পরিমান দিন দিন বৃদ্ধি পাচ্ছে সাথে সাথে ইউজার ফি ও প্রতিমাসে বৃদ্ধি পাচ্ছে। র‌্যাপিড এন্টিজেন টেষ্টে যাদের রেজাল্ট নেগেটিভ আসে তাদের নমুনা পুনরায় ল্যাবে প্রেরন করা হয়।<br>যেহতু রেপিড এন্টিজেন পরিক্ষা একট নতুন সিস্টেম এজন্য সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান থেকে জনগনকে অবহিত করা হচ্ছে। এ বিষয়ে উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও গুরুত্বপূর্ন ভুমিকা পালন করছেন। সাথে সাথে আর একট বিষয় যে, এখন থেকে ১৮উদ্ধো বয়সী সকল ছাত্র/ছাত্রীদের টিকা প্রদান করা হবে। তাদের কে সুরক্ষা এ্যাপস্ থেকে ছাত্র/ছাত্রী অপশন থেকে রেজিষ্ট্রেশন করতে হবে। রেজিষ্ট্রেশন ব্যতীত কাউকে টিকা প্রদান করা হবে না। রেজিষ্ট্রেশন ব্যতীত কেউ টিকা সনদ গ্রহন করতে পারবে না। বর্তমান সরকারী-রে সরকারী অনেক প্রতিষ্ঠানের সেবা প্রাপ্তির ক্ষেত্রে টিকা সনদ প্রয়োজন হচ্ছে। কাজেই আমরা নিজেদের স্থান থেকে যতদূর সম্ভব উপজেলা পরিষদ,ইউনিয়ন পরিষদ ও সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান থেকে জনগনকে অবহিত করছি। আশাকরছি অতিসত্তর স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে। সে জন্য সকল ছাত্র/ছাত্রীদের কে টিকা প্রদানের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা চলমান আছে। | নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা ও সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি |
| কোভিড-১৯ রোগীর চিকিৎসা সেবা প্রদান | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয় কোভিড-১৯ রোগী ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবা প্রদান বিষয়ে প্রশ্ন করেন। জবাবে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন- সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগীর চিকিৎসার জন্য আইসোশেন ইউনিট চালু আছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ আইসোলেশন বেড তৈরী আছে। সেখানে এ পর্যন্ত কোভিড পজেটিভ-4জন ও সাসপেকটেড ৩৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এবং তারা সম্পূর্ন সুস্থ্য হয়ে বাসায় ফিরছেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও আবাসিক মেডিকেল অফিসার। |

| | | |
|---|---|---|
| ইউনিয়ন পর্যায়ে গণ-টিকা প্রদান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কোভিড-১৯ রোগের প্রতিশেধক টিকা ইউনিয়ন পর্যায়ে ১ম ডোজ সম্পন্ন হয়েছে। অতিত্তর ২য় ডোজ শুরু হবে। ইউনিয়ন পর্যায়ে টিকা গ্রহনের ক্ষেত্রে যথেষ্ট সাড়া পাওয়া গিয়েছে। মানুষ এখন টিকা গ্রহনে খুবই আগ্রহী। তবে একটি বিষয় উল্লেখ করতে চাই যে, যারা ইউনিয়ন থেকে টিকা গ্রহন করেছেন। তারা উপজেলা থেকে টিকা গ্রহন করতে পারবেনা। ইউনিয়ন থেকে তাদের ২য় ডোজের টিকা প্রদান করা হবে। রেজিস্ট্রেশনকৃত ব্যক্তিদের কে কোভিড-১৯ ভ্যাকসিন ১ম ডোজ ও ২৮ দিন পর ২য় ডোজ প্রদান করা হবে। রেজিস্ট্রেশন ব্যতিত কোন ব্যক্তিকে কোভিড ভ্যাকসিন প্রদান করা যাবে না। সরকারী নির্দেশনা মোতাবেক এখন থেকে কোভিড টিকা গ্রহনের ক্ষেত্রে কেন্দ্র পরিবর্তনের কোন সুযোগ নাই। বিদেশগামীদের কে স্ব-স্ব পার্সপোর্ট নং দিয়ে সুরক্ষা অ্যাপসে নিবন্ধন করতে হবে। বিদেশগামীদের কে তাদের এজেন্সির মধ্যমে পার্সপোর্ট নং দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এখানে উল্লেখ্য সৌদী,ইরান ও অন্যান্য দেশের ক্ষেত্রে একই টিকা প্রযোজ্য নহে। এজন্য রেজিষ্টেশনের সময় এই বিষয়লো নিশ্চিৎ হয়ে নিবন্ধন করতে হবে। | আবাসিক মেডিকেল অফিসার ও সকল স্বাস্থ্য কর্মী অত্র স্বাস্থ্য কমপ্লেক্স |
| স্বাস্থ্য কমপ্লেক্স সক্ষনাবেক্ষণ পরিস্কার-পরিচ্ছন্ন রক্ষা করন | স্বাস্থ্য কমপ্লেক্স পরিস্কার-পরিচ্ছন্ন বজায় রাখা বিষয়ে ইউএইচএফপিও সভাপতি মহোদয়ের বিশেষ দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কমপ্লেক্সের ক্যাম্পাসে বিভিন্ন জাতীয় ফুলের গাছ ও বাগানে রঙ্গিন লাইট স্থাপন করা হয়েছে যা হাসপাতালের পরিবেশ কে আরও মনোরম করছে। বিগত বর্ষায় অনেক ফুলের গাছ নষ্ট হওয়ায় বর্তমান ফুল গাছের সংখ্যা কমেছে। সভাপতি মহোদয় জনাব জি এম স্পর্শ, স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার-পরিচ্ছন্নতা, জীবানু মুক্ত রাখা ও সৌন্দয্য বর্ধনে রঙ্গিন লাইট স্থাপনে সন্তোষ প্রকাশ করেন এবং কর্মরত সকলকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, রোগ নিয়ন্ত্রনের জন্য পরিস্কার-পরিচ্ছন্নতা একান্ত প্রয়োজন। অন্তঃবিভাগ, জরুরী বিভাগ ও বহিঃবিভাগ প্রতিদিন জিবানু নাশক দিয়ে পরিস্কার করা হচ্ছে। স্বাস্থ্য কপ্লেক্সে চলমান কার্যক্রম অব্যহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | আরএমও, এসআই, এইচ আই ও ফার্মাসিষ্ট |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/০৭/২১

জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
সভাপতি
স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি
দেবহাটা, সাতক্ষীরা।

স্মরক নং-উস্বাক/দেব/সাত/শাঃপরি-২/২০২১/৬৪১ (১০) তারিখঃ- ২৯/৭/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ-

১। অতিরিক্ত সচিব(হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃঃআঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৪। পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ,খুলনা।
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা।
৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দেবহাটা, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবহাটা থানা, দেবহাটা, সাতক্ষীরা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
১০। চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল),দেবহাটা,সাতক্ষীরা।

২৯/০৭/২১

(ডাঃ মোঃ আব্দুল লতিফ)
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
দেবহাটা, সাতক্ষীরা।

২৯/০৭/২১